দৈনিক ইনকিলাব

তারিখ 15 DEC 1987

পৃষ্ঠা ... 4 কলাম 1 ...

022

# উপজেলা পরিক্রমা

## কেরানীগঞ্জ

কেরানীগঞ্জ (ঢাকা), ১৪ ডিসেম্বর (সংবাদদাতা)।— ঢাকা জেলার কেরানী[illegible] উপজেলার ইতিহাস অতি প্রাচীন। এর দক্ষিণে ধলেশ্বরী ও পূর্বে বুড়িগঙ্গা নদী অবস্থিত। এ উপজেলায় ১১টি ইউনিয়ন ও ৪শ' ২৭টি গ্রাম, আয়তন ৭১·০০ বর্গমাইল। জনসংখ্যা ৩,৭৯,৬৭২ জন।

### কৃষি

এ উপজেলার শতকরা ৬৫ জন লোক কৃষিজীবী, উৎপন্ন ফসলের মাঝে ধান, গম, আলু, সরিষা ও মিষ্টি আলু প্রধান। আবাদী জমির পরিমাণ ৩৪ হাজার একর। অনাবাদী জমি ২২০ একর। এ উপজেলায় সেচ ব্যবস্থার তেমন কোন উন্নতি হয়নি। এখানে সেচ এলাকা প্রায় ১০ হাজার একর। এখানে রয়েছে গভীর নলকূপ ৬টি ও অগভীর নলকূপ ২৩০টি। পাওয়ারপাম্প ১৫১টি।

### শিক্ষা

শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে নানারূপ সমস্যা বিরাজ করছে। এ উপজেলায় সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১০৪টি, উচ্চ মাধ্যমিক বালক-বালিকা বিদ্যালয় ২১টি, মাদ্রাসা ১৬৪টি, কলেজ ২টি, প্রাথমিক বেসকারী বিদ্যালয় ১০টি, নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ৩টি, কিণ্ডারগার্টেন ৪টি, মসজিদ ৩৯০টি।

### চিকিৎসা

এ উপজেলায় ৩১ শয্যাবিশিষ্ট ১টি স্বাস্থ্য কেন্দ্র থাকলেও বর্তমানে ১০/১২ শয্যা চালু আছে। সেখানে রয়েছে নানা সমস্যা। জীবনরক্ষাকারী তেমন কোন ওষুধ এ নেই বললেই চলে। সরকার রোগীদের খাবারের জন্য ১৮ টাকা ধার্য করা থাকলেও আজ পর্যন্ত কোন খাবার পরিবেশন কার্যকর হচ্ছে না।

স্বাস্থ্য কেন্দ্রে এম্বুল্যান্স, এক্স-রে মেশিন, ব্লাড ব্যাংক ও অক্সিজেন সিলিণ্ডার নেই। বহিঃবিভাগে প্রতিদিন ২/৩শ' রোগীকে নামে মাত্র ব্যবস্থাপত্র ও সাদা-হলদে রঙ্গের ট্যাবলেট দেয়া হয়। এ অঞ্চলে পরিবার পরিকল্পনা ৮টি ও ৩টি সরকারী দাতব্য চিকিৎসালয় আছে।

### বিদ্যুৎ গ্যাস

কয়েকটি ইউনিয়নকে বিদ্যুতায়িত করার পরিকল্পনা নিলেও এখন পর্যন্ত তা বাস্তবায়িত হয়নি। হাজার হাজার গ্রাহক মিটারের জন্য কাগজপত্র জমা দিয়েও মিটার পাচ্ছে না। এ সুযোগে স্থানীয় বিদ্যুৎ কর্মচারীরা অবৈধ বিদ্যুৎ সংযোগ দিয়ে হাজার হাজার টাকা পকেটস্থ করছে।

গ্যাস লাইন জিঞ্জিরা পর্যন্ত এলেও অজ্ঞাত কারণে গ্যাস সরবরাহের কাজ বন্ধ রয়েছে।

### যোগাযোগ ব্যবস্থা

ঢাকার অদূরে হলেও কেরানীগঞ্জের যোগাযোগ ব্যবস্থা খুবই করুণ। এ উপজেলায় ৬ মাইল পাকা রাস্তা, ১৫ মাইল ইট বিছানো ও ২২৬ মাইল কাঁচা রাস্তা রয়েছে। জরাজীর্ণ কিছু বাস ও টেম্পো অতিরিক্ত যাত্রী নিয়ে চলাচল করে। ইউনিয়নগুলোর সাথে উপজলার যোগাযোগ অত্যন্ত খারাপ। ১৫টি হাট-বাজারের করুণ অবস্থা। এসব হাট থেকে লাখ লাখ টাকা আয় হলেও এগুলোর উন্নয়নে কোন ব্যবস্থা নেয়া হচ্ছে না।